

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
Student Support Services Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাউবি/এসএসএসডি/এমডিএম/ভর্তি বিজ্ঞপ্তি/৪৮(০১)/২০২২/ ২২৬

তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩৩
৩০ সেপ্টেম্বর ২০২৬

পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ মাস্টার অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (এমডিএম) প্রোগ্রামের ৫ম ব্যাচ, জানুয়ারি ২০২৭ এর ভর্তি বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র ওপেন স্কুল পরিচালিত মাস্টার অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (এমডিএম) প্রোগ্রামের ৫ম ব্যাচ, জানুয়ারি ২০২৭ এর ভর্তি বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশের বিষয়টি অনুমোদিত হয়েছে। বিজ্ঞপ্তিটি "দৈনিক নয়া দিগন্ত" এবং" দৈনিক সময়ের আলো" পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ ও অন্যান্য প্রয়োজনে বিজ্ঞপ্তির ২টি হার্ডকপি ও অনুমোদিত নোটশীটের ফটোকপি সংযুক্ত করে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তি সফটকপি ই-মেইলে প্রেরণ করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

জনাব, সাইফুল ইসলাম
ASP

৩০/০৯/2026
(সালমা আফরোজ)
যুগ্ম-পরিচালক
এসএসএস বিভাগ

৩০/৯/২৬
মোঃ [illegible] ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১৭৮২
৩০/৯/২৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. রেজিস্ট্রার, বাউবি (বিষয়টি একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. ড. মোঃ আব্দুল [illegible], সহযোগী অধ্যাপক ও সভাপতি, ভর্তি কমিটি, এমডিএম প্রোগ্রাম, ওপেন স্কুল, বাউবি।
৪. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
৬. পরিচালক, পিপিডি বিভাগ, বাউবি।
৭. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বিজ্ঞপ্তিটি বাউবি'র ওয়েব সাইটে এবং ফেইসবুকে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
৮. আইসিটি হেড, আইসিটি ইউনিট, বাউবি (OSAPS খোলা রাখাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
৯. পরিচালক, মিডিয়া বিভাগ, বাউবি (বাউবি প্রযোজিত টেলিভিশন এবং বেতার অনুষ্ঠানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১০. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র (সকল) ঃ ...., বাউবি।
১১. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
১২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল) ঃ ...., বাউবি।
১৪. সংরক্ষণ নথি।

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02-996691113, IP: +88 09666730730, Ex.778
Web: www.bou.ac.bd, E-mail: dirsss@bou.ac.bd
E:\MDM সংক্রান্ত ফাইল\Nazrul -SSS Pad.Docx/1

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

ওপেন স্কুল

'দুর্যোগ ব্যবস্থাপনা' বিষয়ে মাস্টার্স (স্নাতকোত্তর)
Master of Disaster Management (MDM)

ভর্তি বিজ্ঞপ্তি

৫ম ব্যাচ, জানুয়ারি ২০২৭
প্রোগ্রামটি অনাবাসিক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত মাস্টার অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (দুর্যোগ ব্যবস্থাপনা) ৫ম ব্যাচে, জানুয়ারি ২০২৭ ভর্তি কার্যক্রম আগামী ০১/১০/২০২৬ তারিখ থেকে শুরু হবে। শিক্ষার্থীদের ক্লাস অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রতি শুক্র ও শনিবার টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

বৈশিষ্ট্যসমূহ

- ০২ (দুই) বছর মেয়াদি ০৪ সিমেস্টারে (প্রতি সিমেস্টার ০৬ মাস) মোট ১৯ টি কোর্স (৬৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।
- এমডিএম প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বহাল থাকবে। এ সময়ের মধ্যে শিক্ষার্থী প্রোগ্রামটি সম্পন্ন করার সুযোগ পাবেন।

আবেদনের যোগ্যতা

মানবিক, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষাসহ যে কোনো বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে ৩/৪ বছর মেয়াদি স্নাতক অথবা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষার্থীগণ এমডিএম প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন।

ভর্তি সংক্রান্ত তথ্য

- শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে
- আবেদনের ওয়েবসাইট: https://osapsnew.bou.ac.bd
- অনলাইনে আবেদনের সময়: ০১ অক্টোবর - ৩০ নভেম্বর ২০২৬
- প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ: ০৪ ডিসেম্বর ২০২৬
- মৌখিক পরীক্ষা: ১১ - ১২ ডিসেম্বর ২০২৬
- চূড়ান্ত নির্বাচিত তালিকা প্রকাশ: ১৫ ডিসেম্বর ২০২৬
- ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন: ১৭ ডিসেম্বর ২০২৬ - ১০ জানুয়ারি ২০২৭
- ওরিয়েন্টেশন: ১৫ জানুয়ারি ২০২৭
- টিউটোরিয়াল ক্লাস শুরু: ২২ জানুয়ারি ২০২৭

ফি সংক্রান্ত তথ্য

- আবেদন ফরম ফি: ১০০০/-
- কোর্স ফি: ১০,০০০/-
- রেজিস্ট্রেশন ফি: ১৫০০/-
- পরীক্ষা ফি (প্রতি সিমেস্টার): ৩০০০/-
- [illegible] ফি (৪টি কোর্স): ৮০০/- (৪x২০০)
- একাডেমিক ক্যালেন্ডার ফি (প্রতি বছর): ১০০/-
- ডিজিটাল আই.ডি কার্ড ফি: ২০০/-
- নম্বর পত্র (প্রতি সিমেস্টার): ২০০/-

সর্বমোট ভর্তি ফি: ১৫,৮০০/-

আবেদনের প্রক্রিয়া

যে কোনো ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে প্রবেশ করুন অথবা www.bou.ac.bd ক্লিক করে OSAPS এ প্রবেশ করুন। Offered Programs মেন্যু এর অধীনে Open School (OS)-এ ক্লিক করে Master of Disaster Management (MDM)-এর পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। Master of Disaster Management (MDM)-এ ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information অংশ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information অংশ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300X300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300X100 JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন। Academic Information অংশে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information অংশে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। অনলাইনে ভর্তি সংক্রান্ত আবেদনের যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল (help.osaps@bou.ac.bd) এ যোগাযোগ করুন। OSAPS-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৯৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার)। এছাড়াও কোনো সমস্যা হলে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আইসিটি [illegible] বাউবি'তে যোগাযোগ করতে হবে।

- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র মনোনীত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েবসাইটে দেয়া হবে। এছাড়া আবেদনকারীকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রাথমিকভাবে মনোনীত ভর্তিচ্ছু শিক্ষার্থীরা Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রসমূহের মূলকপি, ০১ সেট ফটোকপি ও ০২ কপি পাসপোর্ট সাইজ ছবিসহ নির্দিষ্ট দিনে বাউবি, গাজীপুর ক্যাম্পাসে মৌখিক/লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে।

ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

Helpline Available Time: 8:00 am to 1:00 pm: 01635832895
Available Time: 2:00 pm to 4:00 pm: 01907451612
Email: help.osaps@bou.ac.bd

সভাপতি
ভর্তি কমিটি, এমডিএম প্রোগ্রাম
ওপেন স্কুল, বাউবি।